গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
www.motj.gov.bd

নং ২৪.০০.০০০০.১০৯.১৬.০১৩.১৬-১৫৬

তারিখঃ ২৬ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ / ০৯ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত এপ্রিল/২০১৭ মাসের সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১২-১০-২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক এপ্রিল, ২০১৭ মাসের সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৫ (পাঁচ) পৃষ্ঠা।

স্বাক্ষরিত/-
০৯/০৫/২০১৭ খ্রি:
(প্রদীপ কুমার সাহা)
উপসচিব (সওস)
ফোনঃ ৯৫১৫৬০৭
ফ্যাক্সঃ ৯৫৭৩৮০৭
e-mail: motjsos2010@gmail.com

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

[দৃ: আ: জনাব নিরুপম দেব, পরিচালক-১১ (প্রতিকল্প)]

**অনুলিপি:**

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা

**মাননীয় প্রধানমন্ত্রীর বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত এপ্রিল/২০১৭ মাসের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: ফয়জুর রহমান চৌধুরী<br>সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২০ এপ্রিল, ২০১৭ বেলা ১২:৩০ টা |
| সভার স্থান | : | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা | : | পরিশিষ্ট-"ক" |

০২। সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার সূচনা করেন। বিগত মার্চ, ২০১৭ মাসের সভার কার্যবিবরণী সম্পর্কে কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। অত:পর সভাপতি এজেন্ডাওয়ারী আলোচ্য বিষয় উপস্থাপন এবং আলোচনার জন্য সকলকে আহবান জানান। সভাপতির অনুমোতিক্রমে উপসচিব (সওস) আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | বিজেএমসিকে নিজের পায়ে দাঁড়াতে হবে। এ লক্ষ্যে কি কি পদক্ষেপ নেয়া যেতে পারে সে বিষয়ে এবং বিজেএমসির সমস্যা সমাধানে বস্ত্র ও পাট মন্ত্রণালয় অর্থ মন্ত্রণালয়ের সাথে বসে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে। | বিজেএমসি'র গুলশানস্থ ১০.৩৩ বিঘা জমি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নিকট হস্তান্তরের বিনিময়ে বিজেএমসিকে ১,০৮৫.৮৫ কোটি (এক হাজার পঁচাশি কোটি পঁচাশি লক্ষ) টাকার মধ্যে এ পর্যন্ত বিজেএমসি'র অনুকূলে ৭৩০ (সাতশত ত্রিশ) কোটি টাকা ছাড় করা হয়েছে। চেয়ারম্যান বিজেএমসি জানান অবশিষ্ট টাকা (১০৮৫.৮৫-৭৩০.০০) = ৩৫৫.৮৫ কোটি টাকা অর্থ বিভাগ হতে ছাড় করা হয়নি। এ বিষয়ে উপসচিব (পাট) জানান গত ০৪-০৪-২০১৫ তারিখে অর্থ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর বরাবর DO পত্র প্রেরণ করা হয়েছে। | অর্থ বিভাগে প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে। এ বিষয়ক অগ্রগতি সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়কে সময়ে সময়ে অবহিত করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br><br>অতিরিক্ত সচিব (পাট) |
| ০২। | পাটকলগুলোর পুরাতন মেশিন বাদ দিয়ে আধুনিক মেশিন বসাতে হবে। | বিজেএমসি'র ২৬টি মিল বিএমআরই করণের লক্ষ্যে ২৬/০৭/২০১৬ তারিখে CTC সহযোগী প্রতিষ্ঠান CTEXIC এর সাথে সংশোধিত MOU স্বাক্ষরিত হয়। CTEXIC এর চাহিদা অনুযায়ী ৩টি মিলের Topographic Drwaing প্রেরণ করা হয় তদপ্রেক্ষিতে CTEXIC ১৬/০৩/২০১৭ তারিখে প্রতিবেদন প্রেরণ করেছেন।<br><br>বিএমআরই করণের বিষয়ে সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা) জানান সরকারী অর্থায়নের মাধ্যমে-বিজেএমসি'র ৩টি মিল বিএমআরই করণের লক্ষ্যে একটি প্রকল্পের প্রস্তাব প্রস্তুত করা হয়েছে। বিজেএমসি'র আওতাধীন মিলগুলোকে বিএমআরইকরণের প্রকল্প প্রায় চূড়ান্ত পর্যায়ে রয়েছে। | চীনা সরকারি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। অগ্রগতি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। ৩টি মিল বিএমআরই করণের সর্বশেষ অগ্রগতি আগামী সভায় উপস্থান করবেন।<br><br>বিএমআরআই প্রকল্প কার্যক্রম দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br><br>অতিরিক্ত সচিব (পাট)<br>উপ-প্রধান (পরিকল্পনা) |
| ০৩। | বিজেএমসির অব্যবহৃত জায়গায় ছোট ছোট প্লট করে বেসরকারী শিল্প উদ্যোক্তাদের বরাদ্দ দিয়ে Jute related কারখানা স্থাপন করার ব্যবস্থা নেয়া যেতে পারে। | ক) বিজেএমসির অব্যবহৃত জায়গায় ছোট ছোট প্লট করে Jute related কারখানা স্থাপনের লক্ষ্যে জমি বরাদ্দ প্রদানের জন্য বিজেএমসি কর্তৃক প্রণীত নীতিমালাটির খসড়া চুড়ান্ত করা হয়েছে। খসড়াটি অনুমোদনের পর্যায়ে রয়েছে। নীতিমালাটি অনুমোদিত হলে সে মোতাবেক প্লট বরাদ্দ করা হবে মর্মে সভায় বিজেএমসির চেয়ারম্যান জানান। | (ক) Jute related কারখান স্থাপনের লক্ষ্যে জমি বরাদ্দ প্রদান সংক্রান্ত নীতিমালাটি প্রণয়নের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br>অতিরিক্ত সচিব (পাট) |

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | খ) চিত্তরঞ্জণ কটন মিলস এর জমিতে টেক্সটাইল পল্লী স্থাপনের লক্ষ্যে ২২টি প্লটের মধ্যে মামলা বর্হিভূত ১০ টি প্লট বিক্রয়ের জন্য বিটিএমসি ৪র্থ বার টেন্ডার বিজ্ঞপ্তি প্রকাশ করে। ৩টি প্লট বিক্রয় হয়েছে। অপর ৭টি প্লট বিক্রয়ের বিষয়ে বিটিএমসি হতে পুন:দরপত্র আহবান করা হলেও কোন দরপত্র জমা পরেনি পরবর্তী প্রক্রিয়া চলমান আছে মর্মে সভাকে অবহিত করা হয়। | (খ) চিত্তরঞ্জণ কটন মিলস এর জমিতে টেক্সটাইল পল্লী স্থাপন সংক্রান্ত বিষয় এবং মামলা বর্হিভূত ৭টি প্লট বিক্রয়ের সর্বশেষ অগ্রগতি আগামী সভায় তুলে ধরতে হবে। | চেয়ারম্যান বিটিএমসি<br>অতিরিক্ত সচিব (বেওবি) |
| ০৪। | বিজেএমসির কারখানাগুলোকে কীভাবে লাভজনক প্রতিষ্ঠান করা যায় সংশ্লিষ্ট চেয়ারম্যান তার কর্মপরিকল্পনা তৈরী করবেন। প্রয়োজনে এ বিষয়ে আলাদা সভার আয়োজন করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি জানান, বিজেএমসিকে পর্যায়ক্রমে লাভজনক করার কর্মপরিকল্পনার কাজ চলমান। ইতোমধ্যে মতিঝিলস্থ করিম চেম্বারের স্থলে সোনালী আঁশ ভবন নির্মাণের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নীতিগত সম্মতি পাওয়া গেছে। | বিজেএমসিকে লাভজনক করার কর্ম পরিকল্পনা মে, ২০১৭ মাসের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি<br><br>অতিরিক্ত সচিব (পাট) |
| ০৫। | ক) বিটিএমসির বন্ধ মিলগুলো চালু করার ব্যবস্থা নিতে হবে। | ক) বিটিএমসি'র বন্ধ দারোয়ানী টেক্সটাইল মিলস, রাঙ্গামাটি টেক্সটাইল মিলস এবং সুন্দরবন টেক্সটাইল মিলস মূল ইউনিট (১) সার্ভিস চার্জ পদ্ধতিতে চালু করা হয়েছে এবং মাগুরা টেক্সটাইল মিলস ভাড়ায় চালু করা হয়েছে। | ক) চালু মিলগুলির কার্যক্রম বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান বিটিএমসি<br>যুগ্মসচিব (বস্ত্র) |
| | খ) পুরাতন মেশিন বাদ দিয়ে আধুনিক মেশিন বসাতে হবে। | খ) বিটিএমিস'র মিলসমূহে বিদেশী উদ্যোক্তাদের বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে ২৮/০৩/২০১৭ তারিখে দক্ষিণ কোরিয়ার মান্যবর রাষ্ট্রদূতের সাথে এ বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এছাড়া, বিটিএমসির চেয়ারম্যান জানান বিটিএমসির বন্ধ মাগুরা টেক্সটাইল মিলস্, মাগুড়া গত ২১-০৩-২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর উদ্বোধনের পর উৎপাদন কার্যক্রম শুরু হয়েছে। চেয়ারম্যান আরও জানান, ১৪টি মিলের মধ্যে টাংগাইল কটন মিলস্ Unsolicited public properties এর প্রস্তাবনাসহ এবং অবশিষ্ট মিলগুলো পিপিপি'র অনুমোদন গ্রহণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। | খ) ১৪টি মিলের পিপিপি'র সর্বশেষ অগ্রগতি আগামী সভায় বিস্তারিত জানাবেন। | চেয়ারম্যান বিটিএমসি<br><br>যুগ্মসচিব (বস্ত্র) |
| ০৬। | যে সকল শিল্প বেসরকারীকরণ করা হয়েছিল, শর্ত লংঘিত হলে তা সরকারি ব্যবস্থাপনায় ফিরিয়ে আনতে হবে। | চেয়ারম্যান বিটিএমসি বলেন শর্ত লংঘন করায় গত ০৫/০১/২০১৭ তারিখে জলিল টেক্সটাইল মিলস লি:, চট্টগ্রাম এবং ০৬-০৪-২০১৭ তারিখে এ. আর. হাওলাদার জুট মিলস লি: মাদারীপুর ও ঈগল স্টার টেক্সটাইল মিলস লি: চট্টগ্রাম পুণ:গ্রহণ করা হয়েছে। মিলগুলো বর্তমানে বিটিএমসি ও বিজেএমসির নিয়ন্ত্রণে রয়েছে। | টাস্কফোর্সের পূর্ণাঙ্গ রিপোর্ট সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিকট ১৪-০৫-২০১৭ খ্রি: তারিখের মধ্যে দাখিল করতে হবে এবং সরকারি মালিকানায় পুণ:গ্রহণকৃত মিলগুলির কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। | অতিরিক্ত সচিব (বেওবি)<br>চেয়ারম্যান, বিজেএমসি<br>চেয়ারম্যান, বিটিএমসি |

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৭। | শ্রমিক-কর্মচারীদের নিকট যে সকল মিলের ব্যবস্থাপনা হস্তান্তর করা হয়েছিল, ঐ সকল মিল সঠিকভাবে পরিচালনার ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনে কোম্পানী গঠন করে সেগুলো চালানোর ব্যবস্থা নিতে হবে। | হস্তান্তরিত মিলগুলির বর্তমান অবস্থা কি সে বিষয়ে সভাপতি জানতে চান। এ বিষয়ে বেওবি শাখা হতে জানানো হয়, বিভিন্ন সাব-কমিটি মিলগুলি পরিদর্শন করে রিপোর্ট দিচ্ছেন। | সাব-কমিটি'র প্রতিবেদন অতি সত্তর দাখিল কতে হবে। | অতিরিক্ত সচিব (বেওবি) সংশ্লিষ্ট সাব-কমিটি প্রধান। |
| ০৮। | মিরপুরের জমি তাঁত বোর্ডের অফিস ভবনসহ অন্যান্য স্থাপনা নির্মাণের প্রয়োজনে ব্যবহার করা যেতে পারে। | বেনারসি পল্লী মিরপুর প্রকল্পের আওতায় ৪০ একর জমি মধ্যে বাংলাদেশ তাঁত বোর্ডের অনুকূলে রেজিষ্ট্রিকৃত ৩ একর জমিতে তাঁতবোর্ড কমপ্লেক্স স্থাপনের নিমিত্ত ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। শীঘ্রই মন্ত্রণালয়ে ডিপিপি প্রেরণ করা হবে মর্মে চেয়ারম্যান, বাতাঁবো জানান। | ডিপিপি যথাশীঘ্রই মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | চেয়ারম্যান বাতাঁবো অতিরিক্ত সচিব (পরি ও অডিট) যুগ্মসচিব (বস্ত্র-২) উপপ্রধান (পরি:) |
| ০৯। | মিরপুর ঘনবসতিপূর্ণ জায়গা তাই বেনারসী পল্লী ও কর্মরত শ্রমিকদের উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করতে হবে। ঢাকার বাইরে খোলামেলা জায়গায় বেনারসী/তাঁতপল্লী স্থাপনের ব্যবস্থা নিতে হবে। | মাদারীপুর জেলার শিবচর ও শরীয়পুর জেলার জাজিরাতে ''তাঁত পল্লী'' স্থাপনের পাশাপাশি নারায়ণগঞ্জের সোনারগাঁও, গাজীপুর, ময়মনসিংহের ভালুকা, ত্রিশাল এলাকায় ''তাঁত পল্লী'' স্থাপনের বিষয়ে কোন চিন্তাভাবনা করা হয়েছে কিনা সভায় তা জানতে চাওয়া হয়। চেয়ারম্যান বাতাঁবো জানান, বিষয়টি বিবেচনাধীন আছে। | মাদারীপুর জেলার শিবচর ও শরীয়পুর জেলার জাজিরাতে ''তাঁত পল্লী'' স্থাপনের ডিপিপি চূড়ান্তকরণের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে বিস্তারিত অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে। | চেয়ারম্যান বাতাঁবো অতিরিক্ত সচিব (পরি: ও অডিট) যুগ্মসচিব (বস্ত্র-২) |
| ১০। | সুতা ও রং আমদানীর ক্ষেত্রে কীভাবে তাঁতীদের শুল্কমুক্ত সুবিধা দেয়া যায় তার প্রস্তাবনা তৈরী করতে হবে। | বিষয়টি বাস্তবায়িত | বিষয়টি বাস্তবায়িত | --- |
| ১১। | ক) কৃষি মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয়ের গবেষকদের সাথে যোগাযোগ রক্ষা করে তুঁত গাছের উন্নয়ন এবং তুঁতচাষের উন্নত প্রযুক্তি বের করতে হবে।<br><br>খ) একটি বাড়ী একটি খামার প্রকল্পের সাথে তুঁতচাষের সমন্বয় করে পরিকল্পনা গ্রহণ করতে হবে। | (ক) তুঁত গাছের উন্নয়ন এবং তুঁতচাষের উন্নত প্রযুক্তি বিষয়ে একটি বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক ডিপিপি প্রস্তুতের কাজ করছে। এ বিষয়ে ময়মনসিংহস্থ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য প্রতিষ্ঠানের সাথে মতবিনিময় ও পরামর্শ গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।<br><br>(খ) মহাপরিচালক বারেউবো জানান দেশের ৩৩টি জেলার ৯০টি উপজেলায় একটি বাড়ী একটি খামার প্রকল্পের ৪৯৬টি সমিতি'র মাধ্যমে ২১,৩৩০ জন সদস্যদের মধ্যে জরিপ করে ২৮০৫ জন সুবিধাভোগীদেরকে তুঁত চাষের সাথে সম্পৃক্ত করে নির্বাচন করা হয়েছে। উল্লেখ্য, চলতি অর্থ বছরে একটি বাড়ী একটি খামারে ২৫০ জন সদস্য/রেশম চাষীদের প্রশিক্ষণ দেয়া হবে। | (ক) ময়মনসিংহস্থ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য প্রতিষ্ঠানের বিজ্ঞানীদের সাথে মতবিনিময় করে তাদের অভিজ্ঞতা কাজে লাগিয়ে তুঁত চাষের উন্নয়ন ও উন্নত প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে ডিপিপি প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং এ বিষয়ে অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(খ) লক্ষ্য অর্জনে মনিটরিং জোরদার করার জন্য কার্যক্রম গতিশীল রাখতে হবে। | যুগ্মসচিব (বস্ত্র-২) মহাপরিচালক বারেউবো, পরিচালক, বিএসআরটিআই উপপ্রধান (পরিকল্পনা)<br><br>যুগ্মসচিব (বস্ত্র-২) মহাপরিচালক বারেউবো, |

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১২। | টেক্সটাইল ইনস্টিটিউট/কলেজ নির্মাণের ক্ষেত্রে ৫ একর জমির বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে আলোচনা করে ব্যবস্থা নিতে হবে। | নির্দেশনা বাস্তবায়িত মর্মে গণ্য করা যায়। | - | --- |
| ১৩। | আদালতে বিচারাধীন মামলা প্রতিদ্বন্দিতা করার জন্য যে সকল তথ্য, উপাত্ত ও প্রমানক প্রয়োজন হয়, তা যথাসময়ে দপ্তর/সংস্থাকে মন্ত্রণালয়ের মাধ্যমে সরবরাহ নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ নিয়ে একত্রে কাজ করতে হবে। | সভায় জানানো হয় যে, এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার মামলা/মোকাদ্দমার বিষয়ে প্রতি মাসে একটি করে সভা আয়োজন করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়। | মামলা সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী কার্যক্রম হচ্ছে কিনা তা মনিটরিং করতে হবে। | দপ্তর/সংস্থার প্রধানগণ (সংশ্লিষ্ট সকল)<br>অতিরিক্ত সচিব (আইন)<br>উপসচিব (আইন) |
| ১৪। | ক) পাট ও পাটপণ্যের ব্যবহার ও রপ্তানী বৃদ্ধির লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের মধ্যে সমন্বয় বাড়াতে হবে।<br><br>খ) সরকারী জমি ফেলে না রেখে যথাযথ কাজে লাগানোর ক্ষেত্রে সম্ভাব্য সর্বোত্তম প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ক) সভায় জানানো হয়, পাটের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ব্যপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে, পাবলিক বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনসহ সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়সমূহে সিলেবাসে পাট ও পাট সংশ্লিষ্ট আইনসমূহ অন্তর্ভূক্ত করার জন্য অনুরোধ জানানো হয়েছে। এছাড়াও পাট ও পাটপণ্যের ব্যবহার বৃদ্ধির জন্য একটি সমন্বিত কর্মপরিকল্পনা তৈরির জন্য বিজেএমসি পাট অধিদপ্তর, জেডিপিসি সমন্বিত ভাবে একটি কর্মপরিকল্পনা তৈরি করে ১৫ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করবে মর্মে ইতোপূর্বে সভার সিদ্ধান্ত ছিল। সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণ জানান কর্মপরিকল্পনা ও রোডম্যাপ তৈরির লক্ষ্যে কার্যক্রম চলমান আছে।<br><br>খ) সভায় জানানো যেসকল দপ্তর/সংস্থার অব্যবহৃত জমি রয়েছে তা চিহ্নিত ও জমির পরিমাণ সুষ্ঠুভাবে নিরুপণ করে সর্বোত্তম ব্যবহারের কর্মপরিকল্পনা সত্বর প্রনয়ন করতে হবে। সভায় আরো জানানো হয় বিলুপ্ত বিজেসি'র বর্তমানে ১৬১টি সম্পত্তি ক্ষুদ্র/মাঝারি আয়তনের হওয়ায় সরকারের উন্নয়নমুলক প্রকল্প গ্রহণ করা যাচ্ছে না বিধায় বিলুপ্ত বিজেসি'র সম্পত্তি বিক্রয়ের অনুমতির বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নজরে আনা যেতে পারে। | ক) পাটের ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে যেসকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার সর্বশেষ অগ্রগতি আগামী সভার পূবেই সমন্বয় ও সংসদ অধিশাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে এবং মে, ২০১৭ মাসের মধ্যে কর্মপরিকল্পনা ও রোডম্যাপ তৈরি করে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে দাখিল করবে।<br><br>খ) সকল দপ্তর/সংস্থার অব্যবহৃত জমি চিহ্নিত করে তালিকা সংরক্ষণ করতে হবে। জমি ব্যবহারের যথাযথ পরিকল্পনা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিজেএমসি,<br>মহাপরিচালক, পাট অধিদপ্তর,<br>অতিরিক্ত সচিব (পরি: ও অডিট)<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি |
| ১৫। | Jute Geotextile ব্যবহার সম্পর্কে প্রচারণার ব্যবস্থা নিতে হবে। পণ্য সংরক্ষণ ও অন্যান্য কাজে পাট ও পাটজাত পণ্য ব্যবহার বৃদ্ধি করতে হবে। | সভায় উল্লেখ করা হয় যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন Jute Geotextile এর বিষয়ে ইতোমধ্যে যাদের সাথে যোগাযোগ করা হয়েছে তাদের সমন্বয়ে একটি সভা করা যেতে পারে। | মে, ২০১৭ মাসের মধ্যে Jute Geotextile এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে একটি সভা আয়োজন করতে হবে। | চেয়ারম্যান, বিজেএমসি<br>অতিরিক্ত সচিব (পাট)<br>নির্বাহী পরিচালক, জেডিপিসি |

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনাসমূহ | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬। | বস্ত্রশিল্পে বাংলাদেশে সোনালী ঐতিহ্য রয়েছে। কোন কোন এলাকায় মসলিনের সুতা তৈরী হতো তা জেনে সে প্রযুক্তি পুনরুদ্ধারের উদ্যোগ গ্রহণের উপর গুরুত্বারোপ করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বাংলাদেশের সোনালী ঐতিহ্য মসলিনের সুতা তৈরির প্রযুক্তি ও মসলিন কাপড় পুনরুদ্ধারের বিষয়ে সভায় জানানো হয় এ বিষয়ে একটি ১২১০.০০ লক্ষ টাকা ব্যয়ে একটি ডিপিপি প্রস্তুতপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা মন্ত্রণালয় হতে জানা গেছে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্প অনুমোদন করা হয়েছে। কিন্তু অনুমোদনপত্র এখনও পাওয়া যায়নি। | প্রকল্পটির অনুমোদনপত্র সংগ্রহপূর্বক এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান বার্তাঁবো যুগ্মসচিব (বস্ত্র-২) উপপ্রধান (পরিকল্পনা) |

**গত ১৪-০২-২০১০খ্রি: তারিখে বিলুপ্ত আদমজী জুট মিলের ২নং ইউনিট পুনরায় চালুকরণের সম্ভাব্যতা যাচাইকরণ সংক্রান্ত প্রতিশ্রুতির বাস্তবায়নের হালনাগাদ অগ্রগতি:**

| ক্র.নং | মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত প্রতিশ্রুতি | সভার আলোচনা ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | বিলুপ্ত আদমজী জুট মিলের ২নং ইউনিট পুনরায় চালুকরণের সম্ভাব্যতা যাচাইকরণ সংক্রান্ত | বিলুপ্ত আদমজী জুট মিলের ২নং ইউনিট পুনরায় চালুকরণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ও চেয়ারপার্সন , বেপজা গভর্ণিং বোর্ডের সভাপতিত্বে ৩৩তম সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, আদমজী ইপিজেড এলাকায় বিজেএমসির ০২ নম্বর মিলসহ এর অন্যান্য পরিত্যক্ত স্থাপনাসমূহের দ্রুত অপসারণের নিমিত্ত বিজেএমসি'র সাথে চলমান মামলাসমূহ আপোষ মীমাংসার মাধ্যমে নিষ্পত্তির বিষয়ে বেপজা ও বিজেএমসি অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। সেপ্রেক্ষিতে মহামান্য আপিলেট ডিভিশন কর্তৃক প্রদত্ত ০৫/০২/২০১৭ তারিখের রায় /আদেশের কপি আদালত হতে এখনও পাওয়া যায়নি। তাই পক্ষগণের মধ্যে সম্পাদিত সোলেনামা , কমপ্রোমাইজ পিটিশন ও মহামান্য আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে সরকারি স্বার্থে উক্ত স্থানের স্থাপনা মুক্তা কনস্ট্রাকশন লি : এর মাধ্যমে ভেঙ্গে বেপজার একটি নিদিষ্ট স্থানে সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্র হণের নিমিত্ত বেপজাকে অবহিত করার বিষয়ে বিজেএমসি হতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে সভায় অবহিত করা হয়। | মহামান্য আদালতের রায়ের কপি সংগ্রহের জন্য এক জন কর্মকর্তা কে দায়িত্ব প্রদান করতে হবে এবং রায়ের কপি সংগ্রহপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান বিজেএমসি অতিরিক্ত সচিব (আইন) অতিরিক্ত সচিব (পাট) |

পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৯/০৫/২০১৭ খ্রি:
(মো: ফয়জুর রহমান চৌধুরী)
সচিব
বস্ত্র ও পাট মন্ত্রণালয়।